

## আল-আনকাবৃত | Al-Ankabut | الْعَنْكُبُوت

আয়াতঃ ২৯ : ৩৪

### আরবি মূল আয়াত:

إِنَّا مُنْزِلُونَ عَلَى أَهْلِ هَذِهِ الْقَرَيَةِ رِجْزًا مِنَ السَّمَاءِ بِمَا كَانُوا يَفْسُقُونَ

(۳۴)

### A | ✎ অনুবাদসমূহ:

নিচয় আমরা এ জনপদবাসীর উপর আসমান থেকে শাস্তি নাফিল করব। কারণ তারা পাপাচার করত। — আল-বায়ান

আমরা এ জনপদের বাসিন্দাদের উপর আসমানী শাস্তি নাফিল করব, কারণ তারা ছিল পাপাচারে লিষ্ট। — তাইসিরুল্ল

আমরা এই জনপদবাসীর উপর আকাশ হতে শাস্তি নাফিল করব, কারণ তারা ছিল পাপাচারী। — মুজিবুর রহমান

Indeed, we will bring down on the people of this city punishment from the sky because they have been defiantly disobedient." — Sahih International

৩৪. নিচয় আমরা এ জনপদবাসীদের উপর আকাশ হতে শাস্তি নাফিল করব, কারণ তারা পাপাচার করছিল।

-

তাফসীরে জাকারিয়া

(৩৪) আমরা এ জনপদবাসীদের উপর আকাশ হতে আযাব (শাস্তি) অবর্তীর্ণ করব,[1] কারণ এরা সত্যত্যাগী।'

[1] আকাশের শাস্তি বলতে ঐ শাস্তিকে বুঝানো হয়েছে, যার দ্বারা লৃত জাতিকে ধ্বংস করা হয়েছিল। জিরাঈল (আং) তাদের জনপদগুলোকে শূন্যে তুলে নিয়ে গিয়ে উল্টে দিলেন। তারপর তাদের উপর পাথর বর্ষণ করা হল এবং ঐ জায়গাটিকে একটি অতি দুর্গন্ধময় উপসাগরে পরিণত করা হল। (ইবনে কাসীর)

তাফসীরে আহসানুল বাযান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=3374>

১ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন